

ফতওয়া নং ২৮৪

প্রশ্নঃ

ফজরের নামাজের পর ইমাম সাহেব সূরা ইয়াসিন তেলাওয়াত করেন এবং মুসল্লিরা তা শোনেন এবং সূরাটি পাঠ করার পর একসাথে মোনাজাত করেন। এটা কি করা যাবে?

উত্তরঃ

বালা-মুসীবত দূরীকরণ ও বরকত লাভের উদ্দেশ্যে সূরা ইয়াসিন খতম বুয়ুর্গদের পরীক্ষিত আমল। অতএব যতক্ষণ বালা-মুসীবত থাকবে আমল ও এলাজ হিসেবে এর খতম পড়া যাবে। এটাকে সুন্নত ও শরীয়তের আদেশ মনে করা যাবেনা। এবং যারা এই খতমে অংশ গ্রহণ না করবে, তাদেরকে নিন্দা করা ও তাদের প্রতি খারাপ ধারণা করা যাবেনা। (ফাতাওয়া রহীমিয়া ১০/৪৬৯)

স্বাক্ষর

মুফতী সাইফুল ইসলাম কাসিমী  
ফতওয়া বিভাগ, জামিয়া নু'মানিয়া।  
১২ শা'বান, ১৪৪৫ হিজরী (23/02/2024)